

পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।


পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ক্যাফেটেরিয়া পরিদর্শন প্রতিবেদন।

অদ্য ২২/১২/২০১৯ তারিখ বিকাল ৪-৩০ মিনিটে নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার জামে মসজিদ পরিদর্শন করেন। পরিদর্শনকালে উচ্চমান সহকারী জনাব মোঃ আব্দুর রহমান উপস্থিত ছিলেন। পরিদর্শন অন্তে নিম্নলিখিত পর্যবেক্ষণ প্রদান করা হলোঃ

- ১। শাখার হাজিরা খাতা পরীক্ষা করে শাখায় ২য় শিফটের সকল কর্মচারীর সঠিকভাবে হাজিরা পাওয়া গেল এবং সকলকেই উপস্থিত পাওয়া গেল।
- ২। ক্যাফেটেরিয়া চত্বর ও ৪টি ডাইনিং রুমের অভ্যন্তরীণ পরিচ্ছন্নতা সন্তোষজনক। কিন্তু রান্না ঘর ও বাথরুমগুলো কিছুটা অপরিষ্কার দেখা গেল এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে আরো যত্নবান হওয়ার জন্য ম্যানেজারকে পরামর্শ দেয়া হলো।
- ৩। ক্যাফেটেরিয়ার হিসাব-নিকাশের স্বচ্ছতা বিধানে নতুন ম্যানেজার ও ইন-চার্জ কর্তৃক সাম্প্রতিক গৃহীত কতিপয় পদক্ষেপ বিশেষভাবে লক্ষ্যণীয়।

পরামর্শঃ

- ১। বর্তমান কাজের গতিশীলতা বজায় রাখা ও সাম্প্রতিক গৃহীত পদক্ষেপসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার এবং সকল হিসাব-নিকাশ সর্বদা হালনাগাদ রাখার পরামর্শ প্রদান করা হলো।
- ২। টেবিলে খাবার সরবরাহ/বুফে খাবার সরবরাহকালে এটেনডেন্টদের মাথায় টুপি ও হাতে গ্লোব ব্যবহার করা পরামর্শ প্রদান করা হলো।
- ৩। ডাইনিং রুমগুলো থেকে স্পট পরা টেবিল ও নষ্ট চেয়ার বাতিল করে ভাল টেবিল-চেয়ার স্থাপনের পরামর্শ প্রদান করা হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
প্রশাসনিক কর্মকর্তা
পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।